

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
☎ ০২-৮৮৭৯৩১৫
E-mail : scae@rhd.gov.bd

স্মারক নং-১প্রশাঃ-১৫১/২০১৫/৬৫০(৫০)র

তারিখঃ ২৫/৫/১৫

বিষয় : সড়কের বাঁকে সাইন-সিগন্যাল স্থাপন ও ঝুঁকিপূর্ণ গাছ অপসারণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সওজ এর আওতাধীন বিভিন্ন সড়ক/মহাসড়কের বাঁকে প্রয়োজন মাফিক সাইন-সিগন্যাল বসানো নেই। অনেক ক্ষেত্রে সাইন-সিগন্যাল থাকলেও তা যথাস্থানে ও সঠিকভাবে বসানো নেই। কখনো কখনো সাইনপোস্ট হেলানো অথবা সাইনগুলো অস্পষ্ট থাকা অবস্থায় দেখা যায়। এতে সড়ক দূর্ঘটনার সম্ভাবনা থাকে। তাছাড়া সড়কের পাশে অসংখ্য ঝুঁকিপূর্ণ/মরাগাছ রয়েছে, যেগুলো থাকার কারণে সাইট ডিসট্যান্স না থাকায় ড্রাইভারদের পক্ষে নিরাপদে ও নির্বিঘ্নে যানবাহন চালানো সম্ভব হয় না। গত ১৩-০৫-২০১৫ তারিখে সড়ক পরিবহন সেতু মন্ত্রণালয়ধীন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় সড়ক বাঁকে প্রয়োজন মাফিক সাইন-সিগন্যাল এবং ঝুঁকিপূর্ণ গাছের মালিকানা নির্ধারণপূর্বক অপসারণের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়।

এমতাবস্থায়, নিরাপদে ও নির্বিঘ্নে যানবাহন চলাচল ও দূর্ঘটনা নিয়ন্ত্রণে সড়কের বাঁকে প্রয়োজনীয় সাইন-সিগন্যাল স্থাপন এবং ঝুঁকিপূর্ণ মরাগাছ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীত জরুরী।

বরাবর,
নির্বাহী প্রকৌশলী, সওজ

Web Admin
Publish it
Notice

২৫/৫

(মোঃ রুহুল আমীন)
পরিচিতি নং-০০০১৮৪
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো :-

- ১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ : উপ-সচিব, সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ,
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ,

Office order about Sign Signal etc,